যুগান্তর

তারিখ 16 JAN 2003
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# এসএসসি পরীক্ষা পিছিয়ে যাচ্ছে

যুগান্তর রিপোর্ট

ইউনিয়ন পরিষদ নির্বাচনের কারণে এ বছরের এসএসসি ও দাখিল পরীক্ষা পিছিয়ে যাচ্ছে। মার্চ মাসের প্রথম সপ্তাহে

এসএসসি : পৃষ্ঠা ১৫ কলাম : ৪

[illegible]

## এসএসসি : পরীক্ষা

এ পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। ১১ দিন পিছিয়ে ২৭ মার্চ থেকে এসএসসি ও দাখিল পরীক্ষা শুরু হতে পারে। বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের নিয়ে গঠিত চেয়ারম্যানস কমিটি ২৭ মার্চ থেকে পরীক্ষা শুরুর ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ে একটি প্রস্তাব পাঠিয়েছে। সূত্র জানিয়েছে, মন্ত্রণালয় এখনও তাদের সিদ্ধান্ত চূড়ান্ত করেনি। বোর্ডের অনুমোদন পেলেই পরীক্ষার রুটিন প্রণয়ন করা হবে। এসএসসি ও দাখিল পরীক্ষা পিছিয়ে যাওয়ার কারণে এইচএসসি পরীক্ষাও পেছানোর সম্ভাবনা রয়েছে। তবে ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ জুনাইদ বলেছেন, এইচএসসি পরীক্ষা পেছানোর প্রয়োজন হবে না। কেননা প্রতিবছর এসএসসি ও এইচএসসি পরীক্ষার মধ্যে প্রায় এক মাস সময় থাকে।